

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কমিউনিটি বেইজড হেলথ কেয়ার, স্বাস্থ্য অধিদপ্তর  
সিবিএইচসি কার্যালয়  
বিএমআরসি ভবন (২য় তলা), মহাখালী, ঢাকা।  
ই-মেইল : cbhc@ld.dghs.gov.bd

স্মারক নং- সিবিএইচসি/প্রশাঃ/সিএইচসিপি/রাজঃ বিঃ/শৃংখলা-৫৫/২০১৬/

তারিখঃ / / ২০১৭ ইং

## তৃতীয় কারণ দর্শানোর নোটিশ

যেহেতু, আপনি জনাব শারমিন ইসলাম, কমিউনিটি হেলথ কেয়ার প্রোভাইডার (সিএইচসিপি) পদে চাঁপাইনবাবগঞ্জ জেলার গোমস্তাপুর উপজেলার বোয়ালিয়া ইউনিয়নের দুর্গাপুর কমিউনিটি ক্লিনিকে কর্মরত থেকে দুয়িত্তে অবহেলা, গাফিলতি, ইচ্ছানুযায়ী দায়িত্ব পালন এবং অননুমোদিতভাবে গত ০১/১২/২০১৬ ইং তারিখ হতে অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন।

যেহেতু, আপনার কর্মস্থল চাঁপাইনবাবগঞ্জ জেলার গোমস্তাপুর উপজেলার বোয়ালিয়া ইউনিয়নের দুর্গাপুর কমিউনিটি ক্লিনিকে কর্মরত থেকে দায়িত্ব অবহেলা, গাফিলতি, ইচ্ছানুযায়ী দায়িত্ব পালন এবং অননুমোদিতভাবে গত ০১/১২/২০১৬ ইং তারিখ হতে অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। স্থানীয় কর্তৃপক্ষ উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ পত্র মারফত সিবিএইচসি কার্যালয়কে অবগত করেন যে, আপনি গত ১৫/১১/২০১৬ ইং হতে ৩০/১১/২০১৬ ইং তারিখ পর্যন্ত পারিবারিক কারণে বিনা বেতনে অসাধারণ ছুটি মঞ্জুর করে কর্মস্থল ত্যাগ করেন। ছুটি শেষে যথারীতি ০১/১২/২০১৬ ইং তারিখ কর্মস্থলে যোগদান করার কথা, কিন্তু আপনি ০১/১২/২০১৬ ইং তারিখ কর্মস্থলে যোগদান না করে অননুমোদিতভাবে অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। আপনার এহেন দায়িত্বহীন কার্যকলাপ এবং অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিতির কারণে কমিউনিটি ক্লিনিকে আগত রোগীদের স্বাস্থ্য সেবা প্রদানে নানাবিধ সমস্যার সৃষ্টি হচ্ছে এবং কমিউনিটি ক্লিনিকের দৈনন্দিন কার্যক্রমে ব্যাঘাত ঘটছে, যা সরকারী কর্মচারী আচরণ বিধি পরিপন্থি এবং স্থানীয় কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানিয়েছেন। অর্থাৎ কর্তৃপক্ষের আদেশ অমান্য করে দায়িত্ব অবহেলা এবং বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন ; এবং

যেহেতু, আপনার উল্লিখিত কার্যকলাপ সরকারী কর্মচারী আচরণ বিধিমালার পরিপন্থি এবং সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ মোতাবেক “অসদাচরণ” এবং “বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি” হিসাবে গণ্য ;

সেহেতু, আপনার এহেন আচরণ সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি পরিপন্থি হিসাবে আপনাকে চাকুরীচ্যুত করা হবেনা মর্মে সিবিএইচসি কার্যালয় হতে গত ১৯/০৩/২০১৭ ইং তারিখে ২৪৯ নং স্মারক মোতাবেক প্রথম কারণ দর্শানোর নোটিশ এবং ২০/০৬/২০১৭ ইং তারিখে ৫২২ নং স্মারক মোতাবেক দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ আপনার বর্তমান ও স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হয়। কিন্তু আপনি উক্ত কারণ দর্শানো নোটিশের কোন জবাব যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সিবিএইচসি কার্যালয়ে দাখিল না করে অননুমোদিতভাবে অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। এহেন পরিস্থিতিতে আগামী ১০ (দশ) কর্মদিবসের মধ্যে তৃতীয় কারণ দর্শানোর নোটিশের জবাব বিস্তারিত ব্যাখ্যা সহ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অত্র সিবিএইচসি কার্যালয়ে প্রেরণ করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

গা!—  
(ডাঃ মোঃ আধুল হাসেম খান)  
লাইন ডাইরেক্টর  
সিবিএইচসি, স্বাস্থ্য অধিদপ্তর

ফোন- ৯৮৮০৭৪৫ এবং ফ্যাক্স- ৯৮৪২৯০০।

স্মারক নং- সিবিএইচসি/প্রশাঃ/সিএইচসিপি/রাজঃ বিঃ/শৃংখলা-৫৫/২০১৬/ ১৬০৭/১(৩০)

তারিখঃ ১/৭/২০১৭ ইং

### অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ

১. মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (দৃঃ আঃ সহকারী পরিচালক, সমন্বয়)।
২. পরিচালক (স্বাস্থ্য), রাজশাহী বিভাগ, রাজশাহী (দৃঃ আঃ উপ-পরিচালক (স্বাস্থ্য) ও বিভাগীয় ব্যবস্থাপক, সিবিএইচসি)।
৩. সিভিল সার্জন, চাঁপাইনবাবগঞ্জ।
৪. প্রোগ্রাম ম্যানেজার/ডেপুটি প্রোগ্রাম ম্যানেজার (সকল), সিবিএইচসি, বিএমআরসি ভবন (২য় তলা) মহাখালী, ঢাকা।
৫. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ (অভিযুক্ত কর্মচারীর নিকট কারণ দর্শানো নোটিশের কপি পৌছানো, বেতন-ভাতা বন্ধ রাখার অনুরোধ এবং একটি প্রতিবেদন প্রেরণ করার জন্য বলা হলো)।
৬. হিসাব রক্ষণ কর্মকর্তা, সিবিএইচসি, বিএমআরসি ভবন (২য় তলা), মহাখালী, ঢাকা।
৭. উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ।
৮. কর্মস্থলঃ- জনাব শারমিন ইসলাম, সিএইচসিপি, দুর্গাপুর কমিউনিটি ক্লিনিক, ইউঃ- বোয়ালিয়া, উপঃ-গোমস্তাপুর, জেলা- চাঁপাইনবাবগঞ্জ।
৯. স্থায়ী ঠিকানাঃ- জনাব শারমিন ইসলাম, সিএইচসিপি, স্বামী- মোঃ মেহফুজ আলম, গ্রাম- গৌরিপুর, ডাকঘর- বোয়ালিয়া, উপজেলা- গোমস্তাপুর, জেলা- চাঁপাইনবাবগঞ্জ।
১০. অফিস কপি।

স্বাক্ষরিত ১৭.৭.১৭

(ডাঃ মাসুদ রেজা কবীর)  
ডিপিএম (এইচ আর ম্যানেজমেন্ট)  
সিবিএইচসি, স্বাস্থ্য অধিদপ্তর।